REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২০শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩রা জ্যৈষ্ঠ বুধবার ১৩৪০ ইংরাজী 17th May 1933 | ১ম সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের অগ্রিম বার্ষিক মূল্য ২৲ হইতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বহু স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ [illegible], রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

কড়ি, বরগা,

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্ট, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মুল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৩৯ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এল, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা






সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৩রা জ্যৈষ্ঠ বুধবার ১৩৪০ সাল।

## জঙ্গিপুর সংবাদের নব বর্ষ।

নানাপ্রকার বাধাবিঘ্নের মধ্যে "জঙ্গিপুর সংবাদ" তাহার ক্ষীণ কলেবর লইয়া আজ বিংশ বর্ষে পদার্পণ করিল। এই ক্ষুদ্র সাপ্তাহিকের বৎসরারম্ভে আমরা আমাদের গ্রাহক, বিজ্ঞাপনদাতা ও হিতৈষীগণকে আমাদের আন্তরিক সম্ভাষণ জানাইতেছি। আমাদের ত্রুটি বিচ্যুতির জন্য ক্ষমা ভিক্ষা করিতেছি। ভগবানের দয়া ও দশের অনুকম্পাই আমাদের সম্বল।

## স্কুলসমূহে গ্রীষ্মাবকাশ।

গত ১৩ই মে স্কুল হওয়ার পরে স্থানীয় স্কুলসমূহ গ্রীষ্মাবকাশের জন্য বন্ধ হইয়াছে।

## ষষ্ঠীভাগ্য।

চুঁচুড়ার চৌমাথার নিকট জনৈক কেরাণীর এককালে তিনটী পুত্রলাভ হইয়াছে।

## বদলী।

জঙ্গিপুরের অন্যতম সার্কেল অফিসার শ্রীযুক্ত বাবু কেশবচন্দ্র সেন মহাশয়ের কার্য্যকাল শেষ হওয়ায় তিনি ব্যারাকপুরে বদলী হইলেন।

## আগমন।

সার্কেল অফিসার শ্রীযুক্ত বাবু কেশবচন্দ্র সেন মহাশয় বদলী হওয়ায় শ্রীযুক্ত বাবু ধিরাজমোহন ভট্টাচার্য্য মহাশয় তাঁহার স্থানে আগমন করিলেন।

## মহিলা ম্যাজিষ্ট্রেট।

মান্দ্রাজের গবর্ণমেণ্ট সম্প্রতি ১৮ জনকে অনারারি ম্যাজিষ্ট্রেট নিযুক্ত করিয়াছেন। এই ১৮ জনের মধ্যে তিনটি মহিলা আছেন।

## গভর্ণরের বদান্যতা।

যুক্ত প্রদেশের গভর্ণর ছত্রীর নবাব মজঃফরপুর জেলায় বাত্যাবিধ্বস্ত কয়েকটী গ্রামে সাহায্য প্রদানের জন্য ২৫ হাজার টাকা ব্যয় মঞ্জুর করিয়াছেন।

## রাজসাহীতে ঘূর্ণিবাত্যা।

৫ই মে বিকালে রাজসাহীতে ভীষণ ঝড় ও শিলাবৃষ্টি হইয়া গিয়াছে। বহু বাড়ীর ছাদ উড়িয়া গিয়াছে ও অনেক গাছ পড়িয়া গিয়াছে। কেহ মারা যায় নাই। এক ঘণ্টা মুষলধারে বৃষ্টি হইয়াছিল।

## দীর্ঘজীবীর পরলোক।

২৪ পরগণা রাড়া বন্দিপুর নিবাসী ধনঞ্জয় শুর গত ২৭শে এপ্রিল ৯০ বৎসর বয়সে পরলোক গমন করিয়াছেন। তিনি পাঞ্জাবে পুলিশ কর্ম্মচারী ছিলেন। তিনি বহুদিন পেন্সন ভোগ করিয়াছিলেন।

## কাল রংয়ের ব্লটিং।

নিউইয়র্কের কলগুলিতে কাল রংয়ের ব্লটিং ব্যবহার আরম্ভ হইয়াছে। ইহাতে ব্লটিংয়ের ছাপ হইতে কাহারও সহি নকল করার আশঙ্কা দুর হইয়াছে।

## মুখের ছাঁচ বদলান।

প্যারিসের ডাক্তাররা ২ শত পাউণ্ড খরচ করিলে আজকালকার সমস্ত মুখের ছাঁচ বদলাইয়া দিতে পারেন, শুধু ঠোঁট অথবা নাক বদলাইতে ৪০ পাউণ্ড লাগে।

## মহিলা ব্যাঙ্ক ডিরেক্টর।

শ্রীমতী সরলা দেবী নামে এক মহিলা কটকে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের ডিরেক্টর নিযুক্ত হইয়াছেন। তিনিই এখানকার প্রথম মহিলা ব্যাঙ্ক ডিরেক্টর।

## জলছত্র।

রঘুনাথগঞ্জের ব্যবসায়ী ও ভূতপূর্ব্ব মিউনিসিপাল কমিশনার বাবু হরগোবিন্দ আগরওয়ালা তুলসীবিহার মেলায় যাত্রীগণের জন্য বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করিয়াছিলেন। ইহাতে যাত্রীগণের খুব উপকার হইয়াছে। পিপাসার্ত্তকে জলদানের ন্যায় পুণ্য আর নাই। আমরা হরগোবিন্দ বাবুর মঙ্গল কামনা করি।

## দুর্ঘটনা।

গত ১০ই মে বুধবার প্রাতে জঙ্গিপুরের রামউচিত নরসুন্দর কনেষ্টবলদিগকে কামাইবার জন্য ফৌজদারী কাছারী গিয়াছিল। সেই সময়ে মহকুমা ম্যাজিষ্ট্রেটের শরীররক্ষী ঝাবু ওঝা তাহার রিভলবারে গুলি পুরিতেছিল, আকস্মিকভাবে একটী গুলি ছুটিয়া গিয়া রামউচিতের বাম বাহুতে লাগে। সঙ্গে সঙ্গে তাহাকে মোটরযোগে জঙ্গিপুর দাতব্য চিকিৎসালয়ে প্রেরণ করা হয়। তথায় রামউচিত ক্রমশঃ আরোগ্যলাভ করিতেছে।

## তুলসীবিহার মেলা।

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারও জঙ্গিপুরের সেবাইত জমিদারগণের নৈমিত্তিক তুলসীবিহার মেলা যথারীতি সম্পন্ন হইয়াছে। মেলায় ঢপ ও যাত্রাগানের বন্দোবস্ত ছিল। কাঙ্গালীগণকেও তিনদিন মধ্যাহ্নে অন্নদানের ব্যবস্থা হইয়াছিল। রৌদ্রে পুড়িয়া ও বৃষ্টিতে ভিজিয়া বিদেশাগত যাত্রীগণের খুব কষ্ট হইয়াছে। পূর্ব্বে তুলসীবিহার বাটীর চতুঃপার্শ্বে যাত্রীগণের থাকিবার জন্য খড়ের চালা তৈয়ারী হইত। কয়েক বৎসর হইতে তাহা আর হয় না।

## পারিতোষিক বিতরণ।

গত ১৪ই মে রবিবার প্রাতে ৮-৩০ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ উৎসব সুসম্পন্ন হইয়াছে। জঙ্গিপুরের সুযোগ্য মহকুমা ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু মণীন্দ্রকুমার সেন মহোদয় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় স্থানীয় রাজকর্ম্মচারিগণ ও সহরের গণ্যমান্য ভদ্রমহোদয়গণ উপস্থিত ছিলেন। উদ্বোধন সঙ্গীত গীত হওয়ার পরে সভার কার্য্য আরম্ভ হয়। বালিকাদের আবৃত্তি খুব সুন্দর হইয়াছিল। বিদ্যালয়ের সেক্রেটারী শ্রীযুক্ত বাবু পঞ্চানন চট্টোপাধ্যায় মহাশয় বার্ষিক বিবরণী পাঠ করেন। শ্রীযুক্ত বাবু কিশোরীমোহন সিংহ, শ্রীযুক্ত বাবু শরচ্চন্দ্র মুখোপাধ্যায়, শ্রীযুক্ত বাবু বিষ্ণুপদ রায় ও শ্রীযুক্ত বাবু বৃন্দাবনচন্দ্র রায় বিদ্যালয়ের উন্নতি ও শিক্ষা সম্বন্ধে বক্তৃতা করেন। পারিতোষিক বিতরণ শেষ হওয়ার পরে সভা ভঙ্গ হয়। বালিকাদিগকে মিষ্টি দেওয়া হইয়াছিল।

## প্রাপ্ত পুস্তক।

আমরা বেঙ্গল পাবলিসিটী বোর্ডের প্রকাশিত নিম্নলিখিত পুস্তকগুলি জঙ্গিপুরের মহকুমা ম্যাজিষ্ট্রেট বাহাদুরের অফিস হইতে পাইয়াছি।

১। অটোয়ার বাণিজ্য চুক্তি।
২। ভারতে দুর্ভিক্ষ।
৩। আইনভঙ্গ ও অনাচার।
৪। ইউনিয়ন বোর্ড—স্বায়ত্তশাসনের ভিত্তি।
৫। ব্যাধি ও প্রতিকার।
৬। Sir N. N. Sarkar on safe guards.
৭। আইন অমান্য ও বিশৃঙ্খলা।
৮। Emergency powers: Their necessity and use.

## বাঁধান দাঁতে বিপদ।

গত রবিবার গোরাবাজারে বাবু শশাঙ্কশেখর সান্ন্যাল (সম্বল বাবু) বেলা প্রায় ২টার সময় জল পান করিতেছিলেন, তিনি জলপাত্র উঁচু করিয়া ধরিয়া জল পান করিবার সময় তাঁহার ৪টী বাঁধান দাঁত খসিয়া জলের সঙ্গে গিয়া গলায় আটকাইয়া যায়, তাঁহাকে সেই সময় সরকারী ডাক্তারখানায় পাঠান হয়, দাঁত সে সময় গলা হইতে বক্ষঃস্থলে আসিয়া আটক হয়। রঞ্জন রশ্মিতে পরীক্ষা করিয়া দাঁত বাহির করিবার কোন ব্যবস্থা না হওয়ায় সেই দিন রাত্রের ট্রেণে তাঁহাকে কলিকাতা মেডিক্যাল কলেজে পাঠান হইয়াছে। তথায় দাঁত তাহার পেটের মধ্যে চলিয়া গিয়াছে বলিয়া শুনিতে পাওয়া গেল। শশাঙ্ক বাবু একজন উদীয়মান যুবক উকীল, ক্রমে পশার প্রতিপত্তি বৃদ্ধি হইতেছিল, তাঁহার বৃদ্ধ পিতা বাবু ভবতারণ সান্ন্যাল উকীল মহাশয় উপযুক্ত পুত্রের এই প্রকার আকস্মিক বিপদে মুহ্যমান হইয়াছেন। ভগবান সম্বল বাবুকে শীঘ্র নিরাময় করিয়া তাঁহার আত্মীয়স্বজন ও বন্ধু-বান্ধবগণের হৃদয়ের দুঃখ দূর করুন আমরা ইহাই প্রার্থনা করিতেছি।

"মুর্শিদাবাদ হিতৈষী"

## বিবাহ বাড়ীতে বিপত্তি।

### হাউই ফাটিয়া বালকের মস্তক চূর্ণ বিচূর্ণ।

কান্দী, ১৩ই মে

গত পরশ্ব এখানে এক বিষম দুর্ঘটনা ঘটিয়াছে। একটী হাউই ফাটিয়া ভরতপুর থানার অধীন সালদিয়া গ্রামের শ্রীযুক্ত গোপালচন্দ্র মল্লিকের নাবালক পুত্রের মস্তক উড়িয়া গিয়াছে। প্রকাশ, ঐ গ্রামের এক ধনবানের বাড়ীতে বিবাহোপলক্ষে বাজী পোড়াইবার বিরাট আয়োজন করা হইয়াছিল। যেখানে বাজি বারুদ রাখা হইয়াছিল, সেইখানে গ্রামের বালক বালিকারা যাইয়া সমবেত হয়। উক্ত বালক একটী খুব বড় হাউয়ের নিকট যাইয়া দাঁড়ায় এবং তাহাকে সরাইবার পূর্ব্বেই ঐ হাউইটী বিষম শব্দে ফাটিয়া যায়; ফলে উক্ত বালকের মাথা চূর্ণ বিচূর্ণ হইয়া যায়।

এতৎসম্পর্কে পুলিশ কয়েকজনকে গ্রেপ্তার করিয়াছে। যাহারা এই বাজি প্রস্তুত করিয়াছিল, তাহাদিগকেও গ্রেপ্তার করা হইয়াছে।

## নীলামের ইস্তাহার।

চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।
নীলামের দিন ১৮ই মে ১৯৩৩।

( ১৭-৫-৩৩ তারিখে প্রাপ্ত। )

৫৭৩ মনি ডিঃ যমুনালাল সেরাওগী দেং তিলক মণ্ডল ওরফে ত্রৈলক্ষ মণ্ডল দাবি ২৮৭৵৬ পং কাঁকজোল মৌজে নিজ গ্রাম ১০/০ বিঘার কাত ১৫।/০ আঃ ১০০৲

---


## ছাদের জন্য
# লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মুল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং**
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।






শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সুক্ষ্মতর আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কার-খানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

( স্বাঃ ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
**রেডিয়ম ল্যাবরেটরী**
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
**বসাক ফ্যাক্টরী**
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।



## হোমিও ঔষধ ! হোমিও ঔষধ !!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵১৫, ২০০ প্রতি ড্রাম ৵০ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবি-উল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয়ার্থ মজুত আছে।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস ( হোমিওপ্যাথ )
প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, ( মুর্শিদাবাদ )



## সামান্য রোগ সারাবার কয়েকটি অদ্বিতীয় মহৌষধ।

**জয়ন্তী—**
সর্দ্দিজ্বর ও ইনফ্লুয়েঞ্জায় বিশেষ উপকারী
এক কৌটা ।০ আনা।

**বাসকা—**
সকল প্রকার কাস ও হাঁপানি প্রভৃতি রোগ সারায়
এক শিশি ।৵০ আনা।

**দীপিকা—**
চোঁয়া ঢেকুর উঠা, পেট ফাঁপা, বুকজ্বালা ও অজীর্ণতা দূর হয়।
এক কৌটা ৵০ আনা।

**দরদি—**
মালিসে সকল রকম ফিক বেদনা ও বাত সারে
এক শিশি ।৵০ আনা।

**কর্পূরাসব—**
এক শিশি গৃহে থাকিলে কলেরা বা বিসূচিকার কোন ভয় থাকে না
এক শিশি ।।০ আনা।

**কল্যাণী—**
ধাতুদৌর্ব্বল্য ও স্বপ্নদোষের মহৌষধ
এক কৌটা ।০ আনা।

**সুভেদী—**
সহজে কোষ্ঠ পরিস্কার করে
এক কৌটা ৵০ আনা।

**কৌমুদী—**
মাজন ব্যবহারে দাঁতের ময়লা কাটে. মুখের দুর্গন্ধ নষ্ট হয়, দাঁতনড়া বন্ধ হয়, ও মাড়ি শক্ত হয়
এক কৌটা ৵০ আনা।

সব ঔষধের ডাকমাশুল স্বতন্ত্র।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**
২৯, কলুটোলা
—কলিকাতা।

সকল সম্রান্ত দোকানেই পাইবেন।



মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

## সোণামুখী তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মূল্য প্রতি শিশি ৸০ বার আনা।

## বাতের তৈল

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।
মূল্য ৪ আঃ শিশি ১।/০ এক টাকা পাঁচ আনা

কবিরাজ—
শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী (বিশ্বাস) কবিরত্ন
সোণামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, ( মুর্শিদাবাদ। )



## টিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা পাঁচ পয়সা।

